

সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট

সিরাজগঞ্জ

স্থাপিত : ১৯৯৭

শিক্ষা বৃত্তি- ২০২৬

সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্টের উদ্যোগে সিরাজগঞ্জ জেলার স্থায়ী নাগরিক ও স্থায়ীভাবে বসবাসরত গরীব অথচ মেধাবী ছাত্র-ছাত্রীদের [অভিভাবকের বার্ষিক আয় সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা] সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট শিক্ষা বৃত্তি-২০২৬ প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

বৃত্তি প্রাপ্তির যোগ্যতা :

- ক গ্রুপ :- ৯ম ও ১০ম শ্রেণীতে অধ্যয়নরত (অবশ্যই সর্বশেষ বার্ষিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) বিজ্ঞান বিভাগে জিপিএ-৫.০০ এবং মানবিক ও বাণিজ্য বিভাগে জিপিএ ৪.৫০ প্রাপ্ত হতে হবে)।
- খ গ্রুপ :- একাদশ ও দ্বাদশ শ্রেণী (অবশ্যই এস.এস.সি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ-৫.০০ এবং মানবিক ও বাণিজ্য বিভাগে জিপিএ ৪.৫০ প্রাপ্ত হতে হবে)।

আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর শিক্ষা ও কল্যাণ শাখা, ই-সেবা কেন্দ্র, জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ হতে সংগ্রহ করা যাবে। এছাড়া উপজেলা নির্বাহী অফিস (সকল), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং www.sirajganj.gov.bd থেকে ডাউনলোড করে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জেলা প্রশাসক, সিরাজগঞ্জ ও সভাপতি, সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট বরাবর আগামী ১৫/০২/২০২৬ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-

(রোজিনা আক্তার)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

ও

আহ্বায়ক

সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট শিক্ষা বৃত্তি ২০২৬ উপ-কমিটি